

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী—‘মুজিব বর্ষ’ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : স্থপতি ইয়াফেস ওসমান, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
তারিখ ও সময় : ৬ জানুয়ারি ২০২০, সকাল ১০:৩০ টা
স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই সভাপতি জাতির পিতার জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদার সাথে পালন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। তিনি জাতির পিতাকে হৃদয়ে অনুভব করে কর্মসূচী গ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করেন। এ উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের প্রশাসনাধীন সকল সংস্থা পৃথক পৃথকভাবে অনুষ্ঠানমালার আয়োজন করবে। সকল কর্মসূচী জাতীয় কর্মসূচীর সাথে মিল রেখে গ্রহণ করতে হবে।

অতিরিক্ত সচিব(বিপ্র) জনাব মোহাম্মদ আকবর হসাইন জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে মার্চ, ২০২০ থেকে মার্চ, ২০২১ পর্যন্ত ১২ মাসে ১৩টি প্রদর্শনীর প্রস্তাব উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের সিনিয়র সচিব সংস্থাসমূহের সকল অনুষ্ঠানমালায় অংশগ্রহণসহ সার্বিক তত্ত্বাবধান করবেন মর্মে অভিমত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (অব:) জনাব রবীন্দ্রনাথ রায় চৌধুরী প্রস্তাব করেন যে, জনাব আকবর হসাইন কর্তৃক উত্থাপিত প্রদর্শনীগুলি ছাড়াও মুজিব বর্ষ উপলক্ষ্যে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সংস্থাসমূহের অংশগ্রহণে বছরব্যাপী বিবিধ কর্মসূচী পালন করা যেতে পারে। তিনি সম্ভাব্য কর্মসূচীর একটি তালিকা উপস্থাপন করেন। এছাড়া, স্বাধীনতাপূর্ব সময়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সম্পর্কে জাতির পিতা কর্তৃক প্রদত্ত একটি ভাষণ পত্রিকায় ছাপা হয়েছিল। ঐ পত্রিকাটি সংগ্রহ করা হয়েছে। উক্ত পত্রিকার কাটিং প্রদর্শনীতে অন্তর্ভুক্ত করা যেতে পারে। মাননীয় মন্ত্রী কর্তৃক ৭ মার্চ এর ভাষণের উপর রচিত গানটি প্রত্যেক অনুষ্ঠানে প্রচারের জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়। সার্বিক আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। এ মন্ত্রণালয়ের প্রশাসনাধীন সকল সংস্থায় জাতির পিতার জন্মশতবার্ষিকী—‘মুজিব বর্ষ’ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানমালার আয়োজন করতে হবে;
- ২। মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত কর্মসূচী/অনুষ্ঠান আয়োজন করতে হবে:

ক) প্রদর্শনী:

বিষয়	সময়
(১) মন্ত্রী মহোদয়ের কবিতা	মার্চ/২০২০
(২) বঙ্গবন্ধুর বই	এপ্রিল/২০২০
(৩) বঙ্গবন্ধুর উপর পত্রিকা	মে/২০২০
(৪) বঙ্গবন্ধুর উপর ম্যাগাজিন	জুন/২০২০
(৫) বঙ্গবন্ধু কারেন্সী ও কয়েন শো	জুলাই/২০২০
(৬) বঙ্গবন্ধু স্ট্যাম্প শো (বঙ্গবন্ধু এবং ড. মুহাম্মদ কুদরত-এ খুদার উপরে ডাকটিকেট প্রকাশ)	আগস্ট/২০২০
(৭) বক্তৃতামালা	সেপ্টেম্বর/২০২০
(৮) বঙ্গবন্ধুর ছবি	অক্টোবর/২০২০
(৯) বঙ্গবন্ধুর দেয়াল পত্রিকা	নভেম্বর/২০২০